

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ৪১

ময়মনসিংহ জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস এর যৌথ আয়োজনে
‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (১৫ মার্চ, ২০২৩ খ্রি.):

২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মপরিকল্পনার অংশ হিসেবে ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক মতবিনিময় সভা ১৫ মার্চ (বুধবার) জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস, ময়মনসিংহ এর যৌথ আয়োজনে জেলা প্রশাসক কার্যালয়ের আইসিটি ল্যাবে অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) মাহফুজুল আলম মাসুম এর পরিচালনায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার শেখ মোঃ শহীদুল ইসলাম। সভায় ময়মনসিংহ জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাগণ, আইসিটি উদ্যোক্তাবৃন্দ, সাংবাদিকবৃন্দ ও সুশীল সমাজসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তৃতায় ময়মনসিংহ জেলার স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মোঃ সফিকুল ইসলাম (উপসচিব) বলেন, আশা করি সবার সম্মতনাময় স্মার্ট ময়মনসিংহ তথা স্মার্ট বাংলাদেশ ২০৪১ সালের পূর্বেই আমরা গড়ে তুলতে পারবো ইনশাআল্লাহ। সরকারের মূল উদ্দেশ্য হলো স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা। সরকারের উদ্দেশ্যের দিকে লক্ষ্য রেখে আমরা কাজ করে যাচ্ছি। আপনারা সকলেই স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এখানে মূল্যবান উপস্থাপনা তুলে ধরেছেন। আমরা যারা স্টেকহোল্ডার রয়েছি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তারা নানা রকমের উদ্যোগ বা ধারণা উত্থাপন করেছি। সবগুলো উদ্যোগ হয়তো বা বাস্তবায়ন হবে না কিন্তু এগুলোর মধ্য থেকে আমরা যদি কিছু উদ্যোগ কেন্দ্রীয় পর্যায়ে পাঠাতে পারি আশাকরি উর্ধ্বতন কর্তৃপক্ষ এটা নিয়ে ভাববেন। তারা হয়তো বা এ নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনাও করবেন। ৬৪ জেলার উন্নয়নের মধ্যদিয়েই স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ হবে। আমরা হবো স্মার্ট বাংলাদেশের অংশীদার।

অনুষ্ঠিত সভায় জেলা তথ্য অফিস, ময়মনসিংহ এর সিনিয়র তথ্য অফিসার শেখ মোঃ শহীদুল ইসলাম স্মার্ট বাংলাদেশের রূপরেখা, লক্ষ্যমাত্রা, স্মার্ট টেকনোলজির বৈশিষ্ট্য, ভিত্তি ইত্যাদি বিষয়ে কনসেপ্ট পেপার উপস্থাপন করেন।

এছাড়াও মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে গুপ প্রেজেন্টেশনের জন্য কয়েকটি গুপে বিভক্ত হয়ে বিভিন্ন আইডিয়া জেনারেটিংয়ের মাধ্যমে গুপ প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়।

#

মনির/রিদওয়ান/ফয়সাল/হদা/রিজবী/সজিব/২০২৩/১৫:৩০ ঘণ্টা